"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"।

**উপজেলা পরিষদ**
**ঝিনাইগাতী, শেরপুর।**

## শেরপুর জেলার ঝিনাইগাতী উপজেলা পরিষদের (পঞ্চম উপজেলা পরিষদ) তৃতীয় সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ এস, এম, আব্দুল্লাহেল ওয়ারেজ নাইম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, ঝিনাইগাতী, শেরপুর।
সভার তারিখ ঃ ১৮ জুলাই ২০১৯ খ্রিঃ, সময় ঃ সকাল-১১.৩০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য।

**১। আলোচনার বিষয় ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতী, শেরপুর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর সভাপতি বিভাগ ভিত্তিক উন্নয়নমূলক কার্যক্রমের উপর পর্যায়ক্রমে আলোচনার আহবান জানান। আলোচ্য বিষয় অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কিত আলোচনা ঃ**<br>**০১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান যে, সম্প্রতি পাহাড়ী ঢল ও অতিবৃষ্টির কারনে বন্যাদুর্গত লোকদের চিকিৎসা সেবা দেওয়ার জন্য ঝিনাইগাতী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় হতে প্রতিটি ইউনিয়ন ভিত্তিক মেডিকেল টিম ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ১টি মেডিকেল টিম গঠন করা হয়। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসা কার্যক্রম স্বাভাবিক আছে। এছাড়া হাসপাতালের দাপ্তরিক কার্যক্রম ও বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১. তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা,ঝিনাইগাতী। |
| **০২. উপজেলা কৃষি অফিসার ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান যে, ঝিনাইগাতী উপজেলায় সম্প্রতি পাহাড়ী ঢল ও অতিবৃষ্টির কারনে রোপা আমনের ৬৭০ হেক্টর বীজতলার মধ্যে ১৫০ হেক্টর বীজতলা নিমজ্জিত হয়েছিল এবং খরিপ-২ মৌসুমের ৫০৪ হেক্টর শাক সবজির মধ্যে ৫০ হেক্টর শাক সবজি নিমজ্জিত হয়েছিল। এছাড়া কৃষি বিভাগের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০২. তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা ঝিনাইগাতী,শেরপুর। |
| **০৩. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঝিনাইগাতী** শেরপুর সভায় জানান যে, উপজেলা প্রাণি সম্পদ বিভাগের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০৩. তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| **০৪. উপজেলা মৎস্য অফিসার, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান যে, উপজেলা মৎস্য বিভাগের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০৪. তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা ঝিনাইগাতী,শেরপুর। |
| **০৫. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (অতিঃ), ঝিনাইগাতী, শেরপুর** সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক বিষয়ে কোন আলোচনা করা সম্ভব হয়নি। | ০৫. তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (অতিঃ)<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| **০৬. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ঝিনাইগাতী, শেরপুর এর প্রতিনিধি** সভায় জানান যে, উপজেলা প্রকৌশল বিভাগের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | ০৬. তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| **০৭. উপজেলা শিক্ষা অফিসার, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান যে, ঝিনাইগাতী উপজেলায় ৩৭টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণি পাঠদান বন্যাজনিত কারণে স্থগিত আছে। বন্যা মুক্ত হওয়ার সাথে সাথে পুনরায় পাঠদান শুরু করা হবে। বিভিন্ন বিদ্যালয়ের অনুকূলে বরাদ্দকৃত অর্থে মেরামত কাজ প্রায় শেষ। যথাযথভাবে মেরামত কাজ বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার,ঝিনাইগাতী সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। অত্র উপজেলায় বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট/২০১৯ এর ইউনিয়ন পর্যায়ের খেলা ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। উপজেলা পর্যায়ের খেলা অতিসত্ত্বর শেষ করা প্রয়োজন। এবিষয়ে সকলের উপস্থিতি ও সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | ০৭. তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার ঝিনাইগাতী,শেরপুর। |

চলমান-১

| | | |
|---|---|---|
| ০৮. **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান যে, গত ০৭/০৭/২০১৯ খ্রিঃ তারিখ থেকে ডা. সিরাজুল হক কৃষি ডিপ্লোমা কলেজের ৪র্থ বর্ষের শিক্ষার্থীদের পরীক্ষা চলমান। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | ০৮. তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঝিনাইগাতী, শেরপুর। |
| ০৯. **উপজেলা সমাজসেবা অফিসার, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান যে, উপজেলা সমাজসেবা দপ্তরের ২০১৮-১৯ অর্থ বছরের এপ্রিল/১৯-জুন/১৯ পর্যন্ত সকল ভাতার ৪র্থ কিস্তি পাওয়া গেছে এবং ছাড়করণ করা হয়েছে। দুই কার্যদিবসের মধ্যে সকল ভাতার ছাড়করণের কপি ব্যাংকে প্রেরণ করা হবে এবং ব্যাংক কর্তৃক প্রদেয় তারিখ অনুযায়ী ভাতা বিতরণ সম্পন্ন হবে। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | ০৯. তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার ঝিনাইগাতী, শেরপুর। |
| ১০. **সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান যে, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | ১০. তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী ঝিনাইগাতী, শেরপুর। |
| ১১. **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,ঝিনাইগাতী,শেরপুর** সভায় জানান যে, ভিজিডি কর্মসূচীর আওতায় ২০১৯-২০ চক্রের উপকার ভোগীদের জুন/১৯ পর্যন্ত খাদ্যশস্য বিতরণ সম্পন্ন হয়েছে। জুলাই/১৯ খাদ্যশস্য বিতরণের বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে খাদ্যশস্য বিতরনের ব্যবস্থা নেয়া হবে। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদান কার্যক্রমের আওতায় ৭টি ইউনিয়নের ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ অর্থবছরের ৯১০ জন উপকারভোগীর ভাতা বিতরণ সম্পন্ন হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরের ৭টি ইউনিয়নে ১১২ জন উপকারভোগীর ভাতা বিতরণ করার কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক(আইজিএ) প্রশিক্ষণ প্রকল্পের ৬ষ্ঠ ব্যাচের প্রশিক্ষণ (জুলাই/১৯-সেপ্টেম্বর/১৯) ১জুলাই ২০১৯ খ্রিঃ হতে শুরু হয়েছে। এছাড়া তার দপ্তরের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১১. তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর। |
| ১২. **উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান যে, ঝিনাইগাতী উপজেলায় বিআরডিবির ৬টি প্রকল্প চলমান রয়েছে। চলতি মাসে ঋণ আদায় ১.২০(লক্ষ) টাকা এবং চলতি বছরে ঋণ আদায় ১.২০(লক্ষ) টাকা। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১২. তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ঝিনাইগাতী শেরপুর। |
| ১৩. **উপজেলা সমবায় অফিসার, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান যে, আলোচ্য মাসে একটি বাড়ী একটি খামার ৩য় (সংশোধিত) প্রকল্পের ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠির জীবনযাত্রার উন্নয়ন কম্পোনেন্ট এর ০৭টি সমিতির মাসিক ঋণ আদায় কার্যক্রম অব্যাহত আছে। বিগত মাস পর্যন্ত ১৯০ জন সদস্যকে ১২,৭০০/- টাকা হারে ২৪,১৩,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। বর্তমান মাসে ৩৩ জনকে ১২,৭০০/- টাকা হারে ৪,১৯,১০০/- টাকাসহ সর্বমোট ২৮,৩২,১০০/- ঋণ বিতরণ করা হয়েছে। পূর্বের টাকাসহ বর্তমানে প্রাপ্ত টাকা ঋণ প্রদান কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে, এছাড়া গারো প্রকল্প ভুক্ত সমিতিসমূহ তদারকী, ঋণের কিস্তি আদায় কার্যক্রম অব্যাহত আছে। গত ১৪/০৭/১৯ খ্রিঃ তারিখে পাহাড়ী ঢলের বন্যার পানি কান্দুলী আশ্রয়ণ প্রকল্পে ঢুকে পড়ে এবং টিন সেটঘরের উপর গাছ পড়ে ০৭টি রুম সম্পূর্ণভাবে নষ্ট হয়েছে এবং এ প্রকল্পের ০১(এক) টি সরকারী পুকুর আছে সেই পুকুরটি বাধ ভেঙ্গে যায়। উক্ত পুকুর থেকে প্রায় ৩,০০,০০০/-(তিনলক্ষ) টাকার মাছ বন্যার পানিতে ভেসে গেছে। পুকুরের মাছ বিক্রয় করে এ প্রকল্পে বসবাসকারী সদস্যরা সরকারী ঋণের টাকা কিস্তি পরিশোধ করে থাকে। এহেন অবস্থায় অসহায় আশ্রয়ণ প্রকল্পের সদস্যদের দিক বিবেচনায় এনে তাহাদের ঘরবাড়ী মেরামত ও পুকুরপাড় মেরামত করার অতিব জরুরী হয়ে পড়েছে এবং আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্পের ঋণ আদায় কার্যক্রম অব্যাহত আছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | ১৩. তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, ঝিনাইগাতী, শেরপুর। |
| ১৪. **উপজেলা যুব উন্নয়ন অফিসার, ঝিনাইগাতী, শেরপুর** সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক বিষয়ে কোনো আলোচনা করা সম্ভব হল না। | ১৪. তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | উপজেলা যুব উন্নয়ন অফিসার,ঝিনাইগাতী। |
| ১৫. **রেঞ্জ অফিসার, রাংটিয়া রেঞ্জ, ঝিনাইগাতী, শেরপুর** সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক বিষয়ে কোনো আলোচনা করা সম্ভব হল না। | ১৫. তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | রেঞ্জ অফিসার রাংটিয়া রেঞ্জ ঝিনাইগাতী,শেরপুর। |
| ১৬. **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান যে, তার দপ্তরের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | ১৬. তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর |
| ১৭. **উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার প্রকল্প, ঝিনাইগাতী,শেরপুর** সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক বিষয়ে কোনো আলোচনা করা সম্ভব হল না। | ১৭. তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার প্রকল্প ঝিনাইগাতী,শেরপুর। |
| ১৮. চেয়ারম্যান, কাংশা ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান যে, কাংশা ইউনিয়নে বিভিন্ন গ্রামে বন্য হাতির উপদ্রুপ বৃদ্ধি পেয়েছে। বন্য হাতির উপদ্রুপ নিয়ন্ত্রনের জন্য কিছু টর্চ লাইটের প্রস্তাব করেন। এছাড়া তার ইউনিয়নের পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১৮. বন্য হাতির উপদ্রুপ নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান, কাংশা ইউপি ঝিনাইগাতী, শেরপুর। |

চলমান-২

| | | |
|---|---|---|
| ১৯. চেয়ারম্যান, ধানশাইল ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী শেরপুর সভায় জানান যে, সম্প্রতি পাহাড়ী ঢল ও অতিবৃষ্টির কারনে নিচু এলাকাগুলোতে বন্যায় অনেক কৃষকের রোপা আমনের বীজতলা নষ্ট হয়ে গেছে। অনেক মৎস্য চাষীর পুকুর ডুবে গিয়ে অর্থনৈতিকভাবে অনেক ক্ষতিগ্রস্থ হয়েছে এবং বিভিন্ন গ্রামের কাচা রাস্তাগুলোর ব্যাপকভাবে ক্ষতিসাধিত হয়েছে। উল্লিখিত বিষয়গুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন। এছাড়া তার ইউনিয়নের পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১৯. আলোচনা কলামে বর্ণিত বিষয়গুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>উপজেলা নির্বাহী অফিসার<br>সংশ্লিষ্ট বিভাগীয় কর্তকর্তা<br>ও<br>চেয়ারম্যান, ধানশাইল ইউপি<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| ২০. চেয়ারম্যান, নলকুড়া ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান যে, সম্প্রতি অতিবৃষ্টির কারনে নলকুড়া ইউনিয়নের কাচা রাস্তাগুলো বিভিন্ন জায়গায় গর্তের সৃষ্টি হয়ে পরিবহন ও মানুষ চলাচলের বিঘ্ন সৃষ্টি হচ্ছে। গোমরা ব্রীজের দুইপার্শে ভেঙ্গে যাওয়ায় অত্র এলাকার মানুষের চলাচলের সমস্যা সৃষ্টি হয়েছে এবং নলকুড়া ইউপি ভবনটির কিছু কিছু জায়গায় ফাটলের সৃষ্টি হয়েছে। তিনি উপরোক্ত সমস্যাগুলো সমাধানের জন্য প্রস্তাব করেন। এছাড়া তার ইউনিয়নের পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২০. আলোচনা কলামে বর্ণিত সমস্যাগুলো সমাধানের জন্য সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>উপজেলা নির্বাহী অফিসার<br>সংশ্লিষ্ট বিভাগীয় কর্তকর্তা<br>ও<br>চেয়ারম্যান, নলকুড়া ইউপি<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| ২১. চেয়ারম্যান, গৌরিপুর ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান যে, সম্প্রতি পাহাড়ী ঢল ও অতিবৃষ্টির কারনে মহারশ্মী নদীর বাধ ভেঙ্গে নিচু এলাকাগুলোতে বন্যায় অনেক কৃষকের রোপা আমনের বীজতলা নষ্ট হয়ে গেছে এবং কাচা রাস্তাগুলো ব্যাপকভাবে ক্ষতিসাধিত হয়েছে। উল্লিখিত বিষয়গুলো সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন। এছাড়া তার ইউনিয়নের পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২১. আলোচনা কলামে বর্ণিত সমস্যাগুলো সমাধানের জন্য সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>উপজেলা নির্বাহী অফিসার<br>সংশ্লিষ্ট বিভাগীয় কর্তকর্তা<br>ও<br>চেয়ারম্যান, গৌরীপুর ইউপি<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| ২২. চেয়ারম্যান, ঝিনাইগাতী ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান যে, সম্প্রতি পাহাড়ী ঢল ও অতিবৃষ্টির কারনে নিচু গ্রামগুলোতে বন্যায় অনেক কৃষকের রোপা আমনের বীজতলা নষ্ট হয়ে গেছে। অনেক মৎস্য চাষীর পুকুর ডুবে গিয়ে অর্থনৈতিকভাবে ব্যাপক ক্ষতিগ্রস্থ হয়েছে এবং বিভিন্ন কাচা রাস্তাগুলোর ব্যাপকভাবে ক্ষতিসাধিত হয়েছে। উল্লিখিত বিষয়গুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন। এছাড়া তার ইউনিয়নের পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২২. আলোচনা কলামে বর্ণিত বিষয়গুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>উপজেলা নির্বাহী অফিসার<br>সংশ্লিষ্ট বিভাগীয় কর্তকর্তা<br>ও<br>চেয়ারম্যান,ঝিনাইগাতী ইউপি<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| ২৩. চেয়ারম্যান, হাতিবান্দা ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী শেরপুর সভায় জানান যে, বর্তমান সময়ে পাহাড়ী ঢল ও অতিবৃষ্টির কারণে নিচু এলাকাগুলোতে বন্যায় অনেক কৃষকের রোপা আমনের বীজতলা নষ্ট হয়ে গেছে। অনেক মৎস্য চাষীর পুকুর ডুবে অর্থনৈতিকভাবে ব্যাপক ক্ষতিগ্রস্থ হয়েছে এবং বিভিন্ন গ্রামের কাচা রাস্তাগুলোর ব্যাপকভাবে ক্ষতিসাধিত হয়েছে। উল্লিখিত বিষয়গুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন। এছাড়া তার ইউনিয়নের পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২৩. আলোচনা কলামে বর্ণিত বিষয়গুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>উপজেলা নির্বাহী অফিসার<br>সংশ্লিষ্ট বিভাগীয় কর্তকর্তা<br>ও<br>চেয়ারম্যান, হাতিবান্দা ইউপি<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| ২৪. চেয়ারম্যান, মালিঝিকান্দা ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান যে, চলতি বছরের ভয়াবহ বন্যায় অত্র ইউনিয়নের ব্যাপক ক্ষতিসাধিত হয়েছে। বানিয়াপাড়া ৩ কিঃ মিঃ কাঁচা রাস্তাটি কোথাও সম্পূর্ণ কোথাও আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। উক্ত রাস্তায় পূর্বের ভাংগায় ৩৩ ফুট দৈর্ঘ্য ১টি ব্রীজ দীর্ঘদিন যাবৎ তদন্তাধীন থাকায় ব্রীজটি নির্মিত হচ্ছেনা। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন। তিনানী বাজার হইতে হাসলীগাঁও এলজিইডির পাকা রাস্তার মুক্তিযোদ্ধা ছাবেদ আলী মাষ্টারের বাড়ীর সামনে রাস্তা ভেঙ্গে গিয়ে যোগাযোগ বিচ্ছিন্ন হয়েছে এবং হাসলিগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয় হতে মারুয়া ব্রীজ পর্যন্ত অসংখ্য জায়গায় রাস্তা ভেঙ্গে গেছে। রাংগামাটিয়া রাস্তায় তিন স্থানে ভেঙ্গে যাওয়ায় মানুষ ও যানবাহন চলাচলের খুবই সমস্যা সৃষ্টি হয়েছে। ২টি প্রাথমিক বিদ্যালয়ে এখনো বন্যার পানি রয়েছে। যোগাযোগ ব্যবস্থা ভালো না থাকায় বাকী স্কুলগুলোর ছাত্র ছাত্রীরা স্কুলে যেতে পারছেনা। কৃষি বীজতলা সম্পূর্ণ নষ্ট হয়েছে। অত্র ইউনিয়নের প্রায় সকল পুকুর পানিতে ডুবে মাছ শুন্য হয়ে পরেছে। মালিঝি নদীর ডান্যের অংশের ১টি কাঠের ব্রীজ জরুরীভাবে নির্মাণ না করা হলে আগামী ঈদুল আযহার নামাজ পড়তে পারবেনা। মালিঝি নদীটি খনন ও বেড়ীবাধ নির্মাণ করা হলে অত্র ইউনিয়নের বন্যায় ক্ষয় ক্ষতির পরিমাণ অর্ধেকের চেয়েও কমে যাবে। উল্লিখিত বিষয়গুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন। এছাড়া তার ইউনিয়নের পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২৪. আলোচনা কলামে বর্ণিত বিষয়গুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>উপজেলা নির্বাহী অফিসার<br>সংশ্লিষ্ট বিভাগীয় কর্তকর্তা<br>ও<br>চেয়ারম্যান, মালিঝিকান্দা ইউপি<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| ২৫. উপজেলা ভাইস চেয়ারম্যান, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান যে, বর্তমান সময়ে পাহাড়ী ঢল ও অতিবৃষ্টির কারনে ঝিনাইগাতী উপজেলার বিভিন্ন ইউনিয়নের নিচু গ্রামগুলোতে কৃষকদের রোপা আমনের বীজতলা, মৎস্যচাষীদের পুকুরসহ অনেক কাচা রাস্তাগুলোর ব্যাপকভাবে ক্ষতিসাধিত হয়েছে। ক্ষতিগ্রস্ত এলাকাগুলো সরেজমিনে পরিদর্শন করে জরুরীভাবে ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অবহিত করেন। এছাড়া ১৭টি বিষয়ে কমিটিগুলোর সভা প্রত্যেক ২ মাস পর পর আহবান করে সভা করার জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবদের অনুরোধ জানান। | ২৫. আলোচনা কলামে বর্ণিত বিষয়গুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পরিষদের ১৭টি বিষয়ে কমিটিগুলোর সভা প্রত্যেক ২ মাস পর পর আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>উপজেলা নির্বাহী অফিসার<br>সংশ্লিষ্ট বিভাগীয় কর্তকর্তা<br>ও ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| ২৬. উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, ঝিনাইগাতী,শেরপুর বর্তমান সময়ে পাহাড়ী ঢল ও অতিবৃষ্টির কারনে ঝিনাইগাতী উপজেলার বিভিন্ন ইউনিয়নের নিচু গ্রামগুলোতে কৃষকদের রোপা আমনের বীজতলা, বিভিন্ন মৎস্যচাষীদের পুকুরসহ অনেক কাচা রাস্তাগুলোর ব্যাপকভাবে ক্ষতিসাধিত হয়েছে। ক্ষতিগ্রস্ত এলাকাগুলো সরেজমিনে পরিদর্শন করে জরুরীভাবে ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অবহিত করেন। এছাড়া ১৭টি বিষয়ে কমিটিগুলোর সভা প্রত্যেক ২ মাস পর পর আহবান করে সভা করার জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবদের অনুরোধ জানান। | ২৬. আলোচনা কলামে বর্ণিত বিষয়গুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পরিষদের ১৭টি বিষয়ে কমিটিগুলোর সভা প্রত্যেক ২ মাস পর পর আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>উপজেলা নির্বাহী অফিসার<br>সংশ্লিষ্ট বিভাগীয় কর্তকর্তা<br>ও মহিলা ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ঝিনাইগাতী, শেরপুর। |

চলমান-৩

| | | |
|---|---|---|
| **বিবিধ আলোচনাঃ-**<br>**০১. উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান যে, উপজেলা চেয়ারম্যানের সরকারী বাসভবনটি থাকার অনেকটায় অনুপযোগী হওয়ায় বিগত অর্থবছরে ১,০০,০০০/-(একলক্ষ) টাকার প্রাক্কলন মোতাবেক একটি কক্ষ উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে জরুরীভাবে সংস্কার ও রংকরন কাজ সম্পন্ন করা হয়। অবশিষ্ট ০৫(পাঁচ)টি কক্ষ ব্যবহারের অনুপযোগী হওয়ায় ২০১৯-২০ অর্থবছরের উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে সংস্কার ও রংকরনের প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবটি যথাযথ হওয়ায় উপজেলা রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা মোতাবেক উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন মোতাবেক উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে ২,০০,০০০/-(দুইলক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে নিম্নে উল্লিখিত প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের জন্য সভায় উপস্থিত সকলেই একমত পোষণ করেন।<br>প্রকল্পের নাম ঃ **উপজেলা চেয়ারম্যানের বাসভবন সংস্কার ও রংকরণ।**<br>প্রাক্কলিত অর্থ ঃ ২,০০,০০০/-(দুইলক্ষ) টাকা।<br>প্রকল্প সভাপতি ঃ মোছাঃ লাইলী বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিনাইগাতী। | ০১. আলোচনা কলামে উল্লিখিত প্রকল্পটি উপজেলা রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা মোতাবেক উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে ২,০০,০০০/-(দুইলক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ,<br>উপজেলা নির্বাহী অফিসার,<br>উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটি,<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| **০২. উপজেলা ভাইস চেয়ারম্যান, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান যে,বর্তমানে এডিস মশার কামড়ে সৃষ্ট ডেঙ্গু একটি জাতীয় সমস্যায় পরিণত হয়েছে। এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগ বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন। তিনি আরও জানান,ঝিনাইগাতী বাজারের রাস্তার উভয় পার্শ্বের ড্রেন ময়লা আবর্জনাদ্বারা প্রায় ভরাট। বিধায় ব্যবসায়িক ও বাসা-বাড়ীর পানি ও বৃষ্টির পানি নিষ্কাশন বন্ধ হয়ে রাস্তার দুই পাশে জলাবদ্ধতা'সহ দুর্গন্ধের কারণে জনজীবন প্রায় অতিষ্ট। এ বিষয়ে তিনি মশক নিধন ও এডিস মশার প্রজনন ধ্বংসের স্বার্থে রাস্তার ড্রেন জরুরী ভিত্তিতে পরিস্কার করার অনুরোধ জানান। বর্ণিত সমস্যা সমাধানের লক্ষ্যে জরুরীভাবে ড্রেন পরিস্কারের প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবটি যথাযথ হওয়ায় উপজেলা প্রকৌশলী কর্তৃক দাখিলকৃত প্রাক্কলন মোতাবেক উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে ২,০০,০০০/-(দুইলক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে নিম্নে উল্লিখিত প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের জন্য সভায় উপস্থিত সকলেই একমত পোষণ করেন।<br>প্রকল্পের নাম ঃ **ঝিনাইগাতী বাজারের পানি নিষ্কাশনের ড্রেন পরিস্কার করণ।**<br>প্রাক্কলিত অর্থ ঃ ২,০০,০০০/-(দুইলক্ষ) টাকা।<br>প্রকল্প সভাপতি ঃ মোঃ শামসুজ্জামান বাবু, ইউপি সদস্য, ঝিনাইগাতী ইউপি, ঝিনাইগাতী, শেরপুর। | ০২. আলোচনা কলামে উল্লিখিত প্রকল্পটি উপজেলা রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা মোতাবেক উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে ২,০০,০০০/-(দুইলক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ,<br>উপজেলা নির্বাহী অফিসার,<br>উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটি,<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| ০২. উপজেলা ভাইস চেয়ারম্যান, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান যে,ঝিনাইগাতী উপজেলা পরিষদ নিয়ন্ত্রণাধীন/মালিকানাধীন কমপ্লেক্সের ভিতরে মসজিদের উত্তর পার্শ্বে অবস্থিত মরা,ঝড়ে উপড়ে পড়া,বিনষ্ট ও কর্তনযোগ্য কিছু গাছ রয়েছে। তিনি উক্ত গাছগুলো বিধিমোতাবেক বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন। এছাড়াও কাঠের পরিমাণ ও সরকারী নিয়মে কাঠের সম্ভাব্য মূল্য নির্ধারণের সুপারিশ সংক্রান্ত কমিটিতে উপজেলা পরিষদের প্রতিনিধি হিসেবে সদস্য মনোনয়নের প্রস্তাব পেশ করেন। | ০২. ঝিনাইগাতী উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন মরা,ঝড়ে উপড়ে পড়া,বিনষ্ট ও কর্তনযোগ্য গাছের কাঠের পরিমাণ ও সরকারী নিয়মে কাঠের সম্ভাব্য মূল্য নির্ধারণের সুপারিশ সংক্রান্ত কমিটিতে উপজেলা পরিষদের প্রতিনিধি হিসেবে চেয়ারম্যান,০৩নং নলকুড়া ইউ.পি, ঝিনাইগাতী,শেরপুরকে মনোনয়ন পূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ,<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ঝিনাইগাতী, শেরপুর। |

পরিশেষে সভাপতি মহোদয় উপজেলা পরিষদে হস্তান্তরিত দপ্তরের সকল কর্মকর্তাদের উপজেলা পরিষদ আইন, ২০০৯ এবং উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ অনুযায়ী (Charter of Duties) যথাযথভাবে পালন এবং মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রতিটি দপ্তরের প্রজ্ঞাপন, পরিপত্র ও নির্দেশিকা অনুযায়ী যাবতীয় কমিটির সভা ও কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষর) ২৪/০৭/১৯

**(এস, এম, আব্দুল্লাহেল ওয়ারেজ নাইম)**
চেয়ারম্যান,উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
ঝিনাইগাতী, শেরপুর।

স্মারক নং-০৫.৩০.৮৯৩৭.০০২.০৫.০০২.২০১৪-৫৯/১(৩৫)
তারিখ ঃ ১৮/০৭/২০১৯ খ্রিঃ।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩। জেলা প্রশাসক, শেরপুর।
০৪। উপপরিচালক,স্থানীয় সরকার,শেরপুর।
০৫। উপজেলা ...................................অফিসার,ঝিনাইগাতী,শেরপুর।
০৬। চেয়ারম্যান,...............................ইউনিয়ন ও সদস্য,উপজেলা পরিষদ,ঝিনাইগাতী,শেরপুর।
০৭। অফিস কপি।

(স্বাক্ষর) ২৪/৭/১৯

উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব,উপজেলা পরিষদ সভা
ঝিনাইগাতী,শেরপুর।